W.B.P.FORM NO. 27

BANKURA POLICE STATION * BANKURA *

# FIRST INFORMATION REPORT

00665

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. BANKURA Sub-Divn. SADAR P.S. BANKURA Year 2021 FIR No. 200 Date 27/08/2021
2. (i) Act IPC Sections 323/406/420/506 (ii) Act x Sections x
   (iii) Act x Sections x Other Acts & Sections x
3. (a) General Diary Reference : Entry No. 1743 Time 22.05hrs
   (b) Occurrence of Offence : Day SUNDAY Date 21/02/2021 Time 16.00hrs
   (c) Information Received Date 27/08/2021 Time 22.05hrs
   G.D. No. 1743 At the Police Station: BANKURA
4. Type of information : Written / Oral WRITTEN
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. APPROX 1.5KM EAST SIDE FROM PS.
   (a) Address CINEMA ROAD, WARD NO. 05, HOUSE OF MANIKA SEN, BANKURA MUNICIPALITY, PS+DIST-BANKURA
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. DOES NOT ARISE
   District
6. Complaint/Informant :
   (a) Name PARTHA SARATHI DAS
   (b) Father's / Husband's Name Lt HELARAM DAS
   (c) Date / Year of Birth NOT NOTED
   (d) Nationality INDIAN
   (e) Address RABINDRA SARANI, PS+DIST-BANKURA
7. Details of Know / Suspected / Unknown / Accused with full particulars. MANIKA SEN, W/O- Lt SIDDARTA SHANKAR SEN OF CINEMA ROAD, PS+DIST-BANKURA.
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for delay in reporting by complaint / informant
9. Particulars of properties stolen / Involved : (attach separate sheet, if required) :
10. Total value of Properties stolen / Involved :
11. Inquest report / U.D. : Case No., If any : N/A
12. FIR Contents : (Attach separate sheet, if required) THE ORIGINAL WRITTEN COMPLAINT WHICH IS TREATED AS FIR IS ATTACHED HEREWITH.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 323/406/420/506 IPC

registered the case and ~~took up the investigation~~ / directed SI UJJWAL SINGHA to take up the investigation transferred to P.S. On point of jurisdiction. FIR read over to the complaint/ informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

[signature] 27/8/21

Inspector- In- Charge
Bankura Police Station
Dist.- Bankura

THE ~~ORIG~~ SIGNATURE OF THE COMPLAINANT IS AVAILABLE ON THE COMPLAINT

Signature/ Thumb Impression of the Complainant/ Informant

[signature] 27/08/2021.

Signature of the officer-incharge, Police Station with

Name : RAMNARAYAN PAL

Rank : SI OF POLICE

Number if any : BANKURA PS

BANKURA POLICE STATION · BANKURA

CHIEF JUDICIAL MAGISTRATE FILED 7 APR 2021 BANKURA

Filing No- Misc Petition/ 945/2021

In the Court of Ld. Chief Judicial Magistrate, Bankura

Ref:- Case No.- ........... of 2021

| বাদী | বনাম | আসামী |
|---|---|---|
| শ্রী পার্থ সারথী দাস,<br>পিতা- ঁহেলারাম দাস,<br>সাকিম - রবীন্দ্রসরনী, বাঁকুড়া,<br>পোঃ, থানা ও জেলা বাঁকুড়া | | শ্রীমতী মনিকা সেন,<br>স্বামী- ঁ সিদ্ধার্থ শঙ্কর সেন,<br>সাকিম- সিনেমা রোড, বাঁকুড়া,<br>পোঃ, থানা ও জেলা বাঁকুড়া |

**ঘটনার স্থান, কাল ও সময় ঃ-** গত ইংরাজী ২১/০২/২০২১ তারিখ আনুমানিক বিকেল ৪টা নাগাদ স্থান আসামীর বাসস্থানের দরজায় যাহা সিনেমা রোড, বাঁকুড়া, পোঃ, থানা ও জেলা বাঁকুড়ায় অবস্থিত।

বাদী পক্ষে ভারতীয় ফৌজদারী কার্য বিধি আইনের ১৫৬(৩) ধারা মোতাবেক অত্র দরখাস্ত বাঁকুড়া থানায় প্রেরণ পূর্ব্বক F.I.R. গণ্য মতে অত্র আসামীর বিরুদ্ধে ভারতীয় দন্ডবিধি আইনের ৩২৩/৪০৬/৪১৭/৪১৮/৪২০/৫০৪/৫০৬ ধারায় মোকর্দ্দমা রজু করার প্রার্থনায় দরখাস্ত ঃ

বাদী নিবেদন করেন যে,

অত্র বাদীর সাথে সিনেমা রোড নিবাসী সিদ্ধার্থ শঙ্কর সেন, পিতা- ঁসত্যনারায়ন সেন-এর দীর্ঘদিনের পরিচিতি ছিল। সিদ্ধার্থ শঙ্কর সেন বিভিন্ন ফাইন্যান্স কোম্পানীর এজেন্টের কাজে যুক্ত ছিলেন। বাদীও তার কাছে কয়েকটি স্কিমে টাকা জমা দিতেন এবং উক্ত সিদ্ধার্থ শঙ্কর সেন-ও দায়িত্ব সহকারে সেই টাকা নিয়মিত জমা দিয়ে আসতেন। উক্তরূপ ভাবে তার সাথে বাদীর ঘনিষ্ট সম্পর্ক গড়ে ওঠে। এরপর গত ইংরাজী ২০১৯ সালের দূর্গাপূজোর সময় উক্ত সিদ্ধার্থ শঙ্কর সেন বাদীর বাড়ী আসেন সাথে তার স্ত্রী মনিকা সেন ও ছিলেন। বাদী তাদের বাড়ীতে আপ্যায়ন করেন এবং তারা দুজনেই বাদীকে অনুরোধ করেন যে, যেভাবেই হোক বাদীকে তাদের সাহায্য করতেই হবে। কি সাহায্য জানতে চাইলে সিদ্ধার্থ শঙ্কর সেন জানান তাদের ব্যাক্তিগত পারিবারিক প্রয়োজনে ২,৫০,০০০/-(দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা প্রয়োজন, তারা কোথাও কোন ব্যবস্থা করতে না পেরে বাদীর কাছে এসেছেন। বাদী তার পক্ষে এত টাকা দেওয়া সম্ভব নয় জানালে উক্ত সিদ্ধার্থ শঙ্কর সেন ও তার স্ত্রী মনিকা সেন উভয়েই বাদীকে বার বার অনুরোধ করতে

Received on 27.08.2021 at 22.05 hrs & started Bankura PS Case No. 290/21 dtd. 27.08.2021 U/S 323/406/420/506 IPC.

পরপৃষ্ঠা - ২

CHIEF JUDICIAL MAGISTRATE
FILED
- 7 APR 2021
BANKURA



থাকেন। তারা এও বলেন মনিকা সেন, অর্থাৎ অত্র আসামী কেন্দ্রীয় সরকারের একজন আধিকারীক, আগামী ছয় মাসের মধ্যে বাদী সব টাকা একসাথে পেয়ে যাবেন। বাদীর সামর্থের বাইরে হলেও বাদী তাদের কাতর অনুরোধ ঠেলতে পারেন নাই এবং শেষমেষ নিজের জমানো টাকার সাথে তার আত্মীয় ও বন্ধুবান্ধব দের থেকে ঋণ নিয়ে ও জোগাড় করে সর্বমোট ২,৩৫,০০০/-(দুই লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা বাদী গত ইংরাজী ০১/১১/২০১৯ তারিখে অত্র মোকর্দ্দমার আসামী মনিকা সেন ও বাদীর এক দাদা শ্রী তপন সেন মজুমদার, পিতা- সত্যরঞ্জন সেন মজুমদার, সাকিম রবীন্দ্রসরনী, থানা ও জেলা বাঁকুড়ার উপস্থিতিতে সিদ্ধার্থ শঙ্কর সেন- কে তাদের বাড়ী গিয়ে দিয়ে আসেন। সেদিনও সিদ্ধার্থ শঙ্কর সেন ও তার স্ত্রী মনিকা সেন বাদীকে আশ্বস্ত করেন যে, টাকা আগামী ছয় মাসের মধ্যে পেয়ে যাবে। বাদীর উপরোক্ত দাদা লিখিত করার কথা বললেও শ্রীমতী মনিকা সেন বাদীর সাথে সিদ্ধার্থ শঙ্কর সেন-এর সম্পর্ক ও নিজের চাকরীর দোহাই দিয়ে ভরসা করতে বলেন। এরপর গত ইংরাজী ২৪/০২/২০২০ তারিখে বিকেল নাগাদ উক্ত সিদ্ধার্থ শঙ্কর সেন বাদীকে তার বাড়ীতে ডেকে পাঠান, বাদী কিছুক্ষনের মধ্যেই তার বাড়ী হাজির হলে মনিকা সেন বাদীকে জানান যে, সিদ্ধার্থ শঙ্কর সেন একটু বাইরে গেলেন এবং বাদীকে দুইটি চেক দিয়ে বললেন যে, তাদের হাতে নগদ টাকা নেই, বাদী যেন ঐ চেক দুইটি দিয়ে দুই কিস্তিতে ব্যাঙ্ক থেকে টাকা তুলে নেন। প্রথম চেকটি ২৫/০২/২০২০ তারিখের ১,১৫,০০০/-(এক লক্ষ পনের হাজার) টাকার ও দ্বিতীয়টি ১০/০৬/২০২০ তারিখের ১,২০,০০০/-(এক লক্ষ কুড়ি হাজার) টাকার ছিল।

বাদী প্রথমে চেক মারফৎ টাকা নিতে অস্বীকার করলে মনিকা সেন বাদীকে বলেন নগদ টাকা পেতে দেরী হবে তাই অত্র বাদী খানিক বাধ্য হয়েই এবং সরল বিশ্বাসে চেক দুটি নিয়ে বাড়ী ফেরেন। ঐদিন সন্ধ্যে বেলা ষ্টেশনমোড়ে বাদীর সাথে সিদ্ধার্থ শঙ্কর সেন-এর দেখা হলে তিনি বাদীকে জানান তার একটু অসুবিধে হয়ে গেছে তাই তার ফোন না পেয়ে বাদী যেন চেকদুটি ব্যাঙ্কে জমা না করেন। সময়ের আগে টাকা দিতে চাওয়ার মানসিকতায় বাদী সন্দেহ প্রকাশ করেন নাই। এরপর প্রায় দুইমাস পেরিয়ে গেলেও এবং সিদ্ধার্থ শঙ্কর সেন-এর কোন ফোন না পেয়ে বাদী নিজেই তাকে ফোন করলে তার স্ত্রী মনিকা সেন জানান বর্ত্তমানে COVID19 পরিস্থিতি থাকায় তার টাকা তোলা সম্ভব হয়নি, তার স্বামীর দেওয়া চেকগুলি বাদীকে তার কাছেই রাখতে বলেন এবং আরোও বলেন যে, সমস্ত স্বাভাবিক হলে বাদী তার

CHIEF JUDICIAL MAGISTRATE
FILED
- 7 APR 2021
... URA



টাকা ফেরৎ পেয়ে যাবেন।

পরিস্থিতির চাপে বাদীর কিছুই করার ছিল না। সমস্ত স্বাভাবিক হলে বাদী তার পাওনা টাকার জন্য ফোন করলে মনিকা সেন জানান যে তার স্বামী অসুস্থ এবং চিকিৎসার কাজে তারা বাইরে আছেন। এরপর গত ইংরাজী ১৭/০৯/২০২০ তারিখে বাদী তার পাওনা টাকা চাইতে উপরোক্ত সিদ্ধার্থ শঙ্কর সেন-এর বাড়ী হাজির হলে মনিকা সেন জানান যে তার স্বামী মারা গেছেন তাই স্বামীর নেওয়া ঋণের টাকা পরিশোধ করতে তার কিছুদিন সময় লাগবে এবং বাদীকে জানুয়ারী ২০২১-এ যোগাযোগ করতে বলেন। বাদী সেই মোতাবেক জানুয়ারী মাসের মাঝামাঝি সময়ে ফোন করলে তিনি ফোন ধরেন নাই। এর কয়েকদিন পরও বারংবার চেষ্টা করেও কোন ফল না পেয়ে বাধ্য হয়ে গত ইংরাজী ২১/০২/২০২১ তারিখে বিকেল আনুমানিক ৪ টার সময় বাদী তার পাওনা টাকা ফেরৎ পাওয়ার জন্য সিদ্ধার্থ শঙ্কর সেন-এর বাড়ী হাজির হলে অত্র মনিকা সেন তার স্বামীর ঋণের কোন দায়ভার নিতে অস্বীকার করেন এবং তিনি বাদীকে কোন টাকা ফেরৎ দিতে পারবেন না বলে সাফ জানিয়ে দেন। উক্তরূপ কথা শুনে বাদী তাকে বার বার অনুরোধ করলে তিনি বাদীকে অপমানজনক কথা বলে সেখান থেকে বাদীকে ধাক্কা মেরে তাড়িয়ে দেন।

বাদী এরপর স্থানীয় লোকদের সাহায্য নিতে গেলে অত্র আসামী বাদীকে প্রকাশ্যে হুমকী দেন ভবিষ্যতে বাদী কোনদিন টাকা চাইতে তার দরজায় গেলে তার মতো একজন কেন্দ্রীয় সরকারী কর্ম্মচারীর ক্ষমতা দেখিয়ে দেবেন। অত্র আসামী বাদীর বিরুদ্ধে শ্লীলতাহানী এমনকি ধর্ষনের অভিযোগ এনে বাদীর পিছনে পুলিশ লেলিয়ে দেবেন বলেও শাসান।

বাদী একজন অসুস্থ মানুষ, তার একটি কিডনি অকেজো। তার নিজের সঞ্চিত টাকা ছাড়াও অন্যের কাছে ঋণ নেওয়া টাকা পরিশোধ করা তার পক্ষে কোনভাবেই সম্ভব নয়। বাদী তার দেওয়া টাকা ফেরৎ না পেলে চরম আর্থিক ক্ষতির মুখে পড়বেন।

উপরোক্ত সিদ্ধার্থ শঙ্কর সেন ও তার স্ত্রী মনিকা সেন যোগসাজস পূর্ব্বক বাদীর সরলতার সুযোগ নিয়ে বাদীকে প্রতারিত করেছেন এবং সমস্ত লেনদেন তার উপস্থিতিতে এবং তার জ্ঞাত হওয়া সত্ত্বেও মনিকা সেন আজ নিজের স্বামীর মৃত্যুর কথা বলে ছলচাতুরী ও প্রতারনা করে বাদীর সরলতার সুযোগ নিয়ে বাদীর টাকা আত্মসাৎ করেছেন। উক্ত

পরপৃষ্ঠা - ৪

CHIEF JUDICIAL MAGISTRATE
FILED
-7 APR 2021
BANKURA



ঘটনার কথা বাদী গত ইংরাজী ২৭/০২/২০২১ তারিখে বাঁকুড়া থানা আধিকারিক মহাশয়কে লিখিত আকারে জানান কিন্তু উক্ত বিষয়ে কোন পদক্ষেপ গৃহীত না হওয়ার কারনে বাদী গত ইংরাজী ১৫/০৩/২০২১ তারিখে Superintendent of Police, Bankura-কে লিখিতভাবে জানাতে বাধ্য হন। বাদীর আশা ছিল উক্ত বিষয়ে প্রশাশনিক স্তরে সহযোগীতা পাবেন তাই এতদিন অপেক্ষায় ছিলেন।

অত্র বাদী আইন মান্যকারী একজন শান্তিপ্রিয় ব্যাক্তি হইতেছেন। অপরপক্ষে অত্র আসামী অতিশয় প্রভাবশালী ও কলহপ্রিয় মহিলা হইতেছেন। অত্র বাদীর পক্ষে আসামীর বিরুদ্ধে সাক্ষ্য প্রমানাদি সংগ্রহ পূর্ব্বক তাকে আদালত সমক্ষে হাজির করতঃ মোকর্দ্দমা পরিচালনা করা সম্ভবপর নয়, সেকারনে অত্র দরখাস্ত ভারতীয় ফৌজদারী কার্য্য বিধি আইনের ১৫৬(৩) ধারা মোতাবেক বাঁকুড়া থানায় প্রেরণ করিয়া F.I.R. গণ্য মতে উপরোক্ত আসামীর বিরুদ্ধে ভারতীয় দন্ডবিধি আইনের ৩২৩/৪০৬/৪১৭/৪১৮/৪২০/ ৫০৪/৫০৬ ধারায় মোকর্দ্দমা রজু করিবার আদেশ হওয়া আবশ্যক, অন্যথায় অত্র বাদী ন্যায় বিচার থেকে বঞ্চিত হবেন।

এক্ষনে বাদীর প্রার্থনা যাহাতে বাদীর অত্র দরখাস্ত গ্রহন পূর্ব্বক বাঁকুড়া থানায় প্রেরণ করতঃ থানা কর্তৃপক্ষকে উপরোক্ত মনিকা সেন তার স্বামী সিদ্ধার্থ শঙ্কর সেন-এর সাথে যোগসাজস পূর্ব্বক বাদীর সরলতার সুযোগ নিয়ে বাদীকে প্রতারিত করা এবং সমস্ত লেনদেন তার উপস্থিতিতে এবং তার জ্ঞাত হওয়া সত্ত্বেও ছলচাতুরী ও প্রতারনা করে বাদীর সরলতার সুযোগ নিয়ে বাদীর টাকা আত্মসাৎ করা, হকের টাকা ফেরৎ চাইতে গেলে অপমানজনক কথা বলা, মিথ্যা মামলায় ফাঁসানোর হুমকী দেওয়ার জন্য উপরিল্লিখিত ধারায় তৎসহ অপরাপর সঙ্গত ধারায় মোকর্দ্দমা রজু করিবার আদেশ দানে মর্জ্জি হয়।

নিবেদন ইতি-

০৬/০৪/২০২১

<u>সাক্ষী গনের নাম ও ঠিকানা ঃ</u>

১) বাদী স্বয়ং
২) শ্রী তপন সেন মজুমদার, পিতা- ৺সত্যরঞ্জন সেন মজুমদার, রবীন্দ্রসরনী, থানা ও জেলা বাঁকুড়া,
৩) শ্রী অশোক চ্যাটার্জ্জী, পিতা- ৺অন্নদা প্রসাদ চ্যাটার্জ্জী, রবীন্দ্রসরনী, থানা ও জেলা- বাঁকুড়া
৪) বাঁকুড়া থানার পুলিশ ও আরো অনেকে,

CHIEF JUDICIAL MAGISTRATE
FILED
- 7 APR 2021



06 APR 2021
Sl. No. 1072 Vol-II/A/2021.

BEFORE THE NOTARY PUBLIC BANKURA DISTRICT BANKURA COURT

## এফিডেভিট

আমি, শ্রী পার্থ সারথী দাস, পিতা- ˚হেলারাম দাস, সাকিম - রবীন্দ্রসরনী, বাঁকুড়া, পোঃ, থানা ও জেলা বাঁকুড়া, বয়স- ৪৫ বৎসর, জাতি হিন্দু, পেশা- ব্যবসাদী, ভারতীয় নাগরিক অত্র মোকর্দ্দমার দরখাস্তকারী বিধায় অত্র এফিডেভিট দ্বারা ধর্মতঃ প্রতিজ্ঞাপূর্ব্বক কহিতেছি যে,

১) অত্র অভিযোগপত্রে উল্লিখিত ঘটনার বিবরন সমূহ আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

২) উপরোক্ত ঘটনার বিষয়ে আমি ইতিপূর্ব্বে কোন মোকর্দ্দমা দায়ের করি নাই।

সহি ঃ পার্থ সারথী দাস

GOVT. OF WEST BENGAL * BANKURA DISTRICT
P.N. BANDYOPADHYAY NOTARY GOVT. OF W.B. Regn. No.-44/2002 Valid upto August-2027

জানি ও চিনি এবং আমার সম্মুখে সহি গৃহীত হইল।

Subarna Banerjee
Advocate, Bankura Court. 06/04/2021

Solemnly affirmed & declared before me on identification

P.N. BANDYOPADHYAY
NOTARY
GOVT. OF W.B.
REGN. NO.-44/2002
BANKURA COURT
P.O. & DIST.- BANKURA

06 APR 2021